

প্রার্থনা

(ওরা)-চাহিতে জানে না, দয়াময়!
চাহে ধন, জন, আয়ুঃ, আরোগ্য, বিজয়।
করুনার সিঁধু-কূলে বসিয়া, মনের ভুলে
এক বিন্দু বারি তুলে, মুখে নাহি লয়;
তীরে করি ছুটাছুটি, খুলি বাঁধে মুঠি মুঠি,
পিয়াসে আকুল হিয়া, আরো স্কিলস্ট হয়;
কি ছাই মাগিয়ে নিয়ে, কি ছাই করে তা' দিয়ে,
দুদিনের মোহ, ভেঙ্গে চুরমার হয়;
তথাপি নিলাজ হিয়া, মহাব্যস্ত তাই নিয়া,
ভাঙ্গিতে গড়িতে, হয়ে পড়ে অসময়।
আহা! ওরা জানে না ত, করুণানির্বীর নাথ,
না চাহিতে নিরন্তর ঝর-ঝর বয়;
চির-তৃপ্ত আছে যাহে, তা' যদি গো নাহি চাহে,
তাই দিও দীনে, যা'তে পিয়াসা না রয়!